

সম্মানিত সকল সদস্য প্রতিষ্ঠানের অবগতির জন্য

বিষয়: বৈদেশিক কাপড় সরবরাহকারী প্রতিষ্ঠান CHANGZHOU FITZONE IMPORT AND EXPORT CO. LTD., EAST 3RD FLOOR, 101 RENMIN EAST ROAD, HUTANG TOWN, WUJIN DISTRICT, CHANGZHOU CITY, JIANGSU, CHINA এর সাথে ব্যবসায়িক লেনদেনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ,
এতদ্বারা সকল বিজিএমইএ সদস্য কারখানা, রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট বায়িং হাউজসমূহকে অবহিত করা যাচ্ছে যে, Fashion Power Bangladesh Ltd represented by Mr. Md. Mijanur Rahman, Managing Director & CEO, address at House # 08 (1st, 3rd & 4th Floor), Road # 13, Sector # 03, Uttara, Dhaka-1230 কর্তৃক চীনা প্রতিষ্ঠান CHANGZHOU FITZONE IMPORT AND EXPORT CO. LTD, CHINA এর বিরুদ্ধে বিজিএমইএ বরাবর একটি লিখিত অভিযোগ দাখিল করা হয়েছে।

অভিযোগে উল্লেখ করা হয়েছে যে, উক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানটি ব্যবসায়িক চুক্তি ও প্রদত্ত প্রতিশ্রুতি যথাযথভাবে পালন করতে ব্যর্থ হয়েছে, যার ফলে অভিযোগকারী প্রতিষ্ঠান আর্থিক ক্ষতি এবং ব্যবসায়িক জটিলতার সম্মুখীন হয়েছে। অভিযোগে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে অঙ্গীকার ভঙ্গ, দায়িত্ব পালনে ব্যর্থতা এবং অনৈতিক ব্যবসায়িক আচরণের অভিযোগ ও উত্থাপন করা হয়েছে।

বিষয়টি বর্তমানে বিজিএমইএ'র পর্যালোচনাধীন রয়েছে। এমতাবস্থায়, বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে বিজিএমইএ সকল সদস্য প্রতিষ্ঠানকে **CHANGZHOU FITZONE IMPORT AND EXPORT CO. LTD.** এর সাথে ব্যবসায়িক লেনদেন, ক্রেতাদেশ প্রদান, এল/সি (L/C) স্থাপন কিংবা নতুন চুক্তি সম্পাদনের পূর্বে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন এবং যথাযথ যাচাই-বাছাই পূর্বক সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করছে।

বিজিএমইএ'র এ সতর্কতামূলক নির্দেশনা উপেক্ষা করে কোনো সদস্য প্রতিষ্ঠান **CHANGZHOU FITZONE IMPORT AND EXPORT CO. LTD.** এর সাথে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করলে সংশ্লিষ্ট লেনদেন থেকে উদ্ধৃত যেকোনো ঝুঁকি, ক্ষতি বা দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের স্বার্থ রক্ষা এবং সদস্য প্রতিষ্ঠানসমূহকে সম্ভাব্য আর্থিক ক্ষতির ঝুঁকি থেকে সুরক্ষার লক্ষ্যে এ সার্কুলার জারি করা হলো।

ধন্যবাদান্তে,

Mujibur 23/6/25

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব